

কথায় কথায় উৎকোচ গ্রহণের অভিযোগ মানিকগঞ্জের শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে হাজার শিক্ষকের মিছিল

মানিকগঞ্জ প্রতিনিধি : মানিকগঞ্জের জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের চরম দুর্নীতির শিকার হয়ে জেলার বিভিন্ন উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ গতকাল বৃহস্পতিবার শহরে বিরাট বিক্ষোভ মিছিল বের করেন। সহস্রাধিক শিক্ষক এতে অংশ নেন। মিছিল শেষে কালেক্টরেট ভবনের সামনে সমাবেশ করে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি পেশ করেন তারা। তারা দুর্নীতিবাজ জেলা শিক্ষা অফিসারের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া না হলে গণঅনশন করবে। বলে সমাবেশ থেকে কর্মসূচি দিয়েছেন।

শিক্ষকরা অভিযোগ করেছেন, বর্তমান জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ মনিবুর রহমান মিয়া গত ১ বছর আগে এ জেলায় যোগ দেওয়ার পর থেকেই বিভিন্ন বিদ্যালয়ে পরিদর্শনে গিয়ে বিভিন্ন অভিযোগ উত্থাপন পূর্বক বিরাট অংকের উৎকোচ দাবি করেন এবং উৎকোচ না পাওয়া পর্যন্ত পরিদর্শনকৃত

বিদ্যালয়ের শিক্ষকদের চাকরিচ্যুতি কিংবা দূরবর্তী স্থানে বদলির হুমকি দিতে থাকেন। পেনশন, বর্দলি, অবসর প্রাপ্তির ছুটি এবং অন্যান্য দাপ্তরিক কাজেও উৎকোচের জন্য মাসের পর মাস শিক্ষকদের হয়রানি করছেন তিনি। শিক্ষকরা এসব অভিযোগের সত্যতার সমর্থনে কতিপয় ভুক্তভোগী শিক্ষকের ঘটনা তুলে ধরেন।

উল্লিখিত শিক্ষা অফিসারের বিরুদ্ধে আরো অভিযোগ রয়েছে, কোনো শিক্ষক-শিক্ষিকা তাদের প্রয়োজনে অফিসে সাফাফ করতে গেলে অফিস কক্ষে কথা না বলে তার খাস কামরায় ডেকে নিয়ে যান। সেখানে তিনি উৎকোচ লেনদেনের কাজ সারেন।

এ ছাড়া প্রত্যেক উপজেলা থেকে প্রতি পরীক্ষায় ২ হাজার টাকা করে উৎকোচ করেন। তিনি তার ব্যবহৃত জিপ গাড়ি মেরামতের কথা বলে প্রতি উপজেলা হতে অর্থ সংগ্রহ করেন।

মোঃ মনিবুর রহমান মিয়া জেলায় যোগদানের পর পরই প্রত্যেক উপজেলায় প্রধান শিক্ষকদের মাসিক সমন্বয় সভায় যাবেন বলে আগাম জানান এবং যাওয়ার পূর্বেই তার চাহিদা মোতাবেক উপহার প্রদানের নির্দেশ দেন। নিরুপায় হয়ে জেলার সকল উপজেলা শিক্ষা অফিসার এবং সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষকগণ তার চাহিদা মোতাবেক স্বর্ণালঙ্কার, দামি হাতঘড়ি, মোবাইল সেট ইত্যাদি উপহার দিতে বাধ্য হন।

সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি মোঃ জিন্নাত আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন নূরুল ইসলাম, মতিউর রহমান, ললিত মোহন গোস্বামী, মজিবুর রহমান, লোকমান হোসেন, মহিউদ্দিন এবং মনোয়ারা বেগম। বক্তারা ৭২ ঘণ্টার মধ্যে দুর্নীতিবাজ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ মনিবুর রহমান মিয়ার অপসারণসহ প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন। অন্যথায় কালেক্টরেট ভবনের সামনে গণঅনশনের ঘোষণা দেওয়া হয়েছে।